

# প্রাথমিকের প্রধান শিক্ষকদের বেতন ক্ষেল দশম গ্রেডে উন্নীত

অনলাইন ডেক্স



সংগ্রহীত ছবি

দেশের সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের  
বেতন ক্ষেল ১০ম গ্রেডে উন্নীত করেছে সরকার। এতে সারা দেশে  
৬৫ হাজার ৫০২ জন প্রধান শিক্ষকের বেতন ক্ষেল বিদ্যমান  
১১তম গ্রেড (প্রশিক্ষণপ্রাপ্ত) এবং ১২তম গ্রেড (প্রশিক্ষণবিহীন)  
থেকে ১০ম গ্রেডে উন্নীত করা হয়েছে।

সোমবার (২৮ জুলাই) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এক  
বিজ্ঞপ্তিতে এ সিদ্ধান্তের কথা জানায়।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, সম্প্রতি, ১২৪/২০২২ নং সিভিল রিভিউ  
পিটিশনে সর্বোচ্চ আদালতের আদেশ অনুসারে সরকারি প্রাথমিক  
বিদ্যালয়ের ৪৫ জন প্রধান শিক্ষকের বিদ্যমান ১১তম থেকে ১০ম  
গ্রেড বেতন ক্ষেলে উন্নীত করার সিদ্ধান্ত হয়।

এর ধারাবাহিকতায় দেশের সব সরকারি প্রাথমিক বিদ্যালয়ের  
প্রধান শিক্ষকগণের বেতন ক্ষেত্র ১০ম গ্রেডে উন্নীতকরণ যৌক্তিক  
বিবেচিত হওয়ায় সরকার সারা দেশে ৬৫ হাজার ৫০২ জন প্রধান  
শিক্ষকের বেতন ক্ষেত্র বিদ্যমান ১১তম গ্রেড (প্রশিক্ষণপ্রাপ্ত) এবং  
১২তম গ্রেড (প্রশিক্ষণবিহীন) থেকে ১০ম গ্রেডে উন্নীতকরণে  
সরকার সম্মতি প্রদান করেছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, এ যুগান্তকারী সিদ্ধান্তের ফলে প্রাথমিক  
বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের দীর্ঘদিনের প্রত্যাশা পূরণ করা  
হলো। গৃহীত উদ্যোগ প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণের  
আর্থিক নিরাপত্তা নিশ্চিত এবং তাদের সামাজিক মর্যাদা সুসংহত  
করবে। ফলে তারা প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে আরো সৃজনশীল  
ও উদ্বীগ্ন ভূমিকা পালন করবে।

এতে প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের জন্য আরো উন্নত ও গতিশীল  
শিক্ষা ব্যবস্থা নিশ্চিত হবে।

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বেতন ক্ষেত্র ১০ম  
গ্রেডে উন্নীত করার মাধ্যমে সরকার প্রাথমিক শিক্ষকগণের প্রতি  
তার দায়বদ্ধতা ও সম্মান প্রদর্শন করছে। সরকারের এ পদক্ষেপ  
প্রাথমিক শিক্ষা ব্যবস্থার সার্বিক উন্নয়নে ইতিবাচক প্রভাব ফেলবে।

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকরা অন্যান্য  
শিক্ষকমণ্ডলী, অভিভাবকরা ও সর্বস্তরের অংশীজনের সহায়তায়  
প্রাথমিক শিক্ষার মান কাঞ্চিত পর্যায়ে উন্নীত করবেন- এটি  
সরকারের প্রত্যাশা।